



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর

ফোন: ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স: ৮৮০-৫৩১-৬১৩১১, web: www.hstu.ac.bd

স্মারকনং-হাবিপ্রবি/সংস্থা./ ৮৫৪

তারিখ: ০৩।০২।২০২২

জরুরি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রীপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪৩, তারিখ: ০৩.০২.২০২২খ্রি। মূলে জারিকৃত বিধি-নিয়েধ এর আলোকে মাননীয় ভাইস-চ্যাপেলের এর সভাপতিতে সম্মানিত ট্রেজার, সকল ডীন, আহবায়ক, হলসুপার কাউন্সিল, প্রষ্ঠর, পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ) এবং পরীক্ষা নিয়ন্ত্রক এর সমন্বয়ে ০৩.০২.২০২২খ্রি। তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় অনলাইনে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২২ থেকে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম বিষয়ে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- ১। ০৭ ফেব্রুয়ারি ২০২২ থেকে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল তত্ত্বায় ও ব্যবহারিক ক্লাস কার্যক্রম অনলাইনে চলমান থাকবে। স্বশরীরে কোন প্রকার ক্লাস কার্যক্রম অনুষ্ঠিত হবেনো। তবে যেসকল ব্যবহারিক ক্লাস হাতেকলমে করতে হয় সেক্ষেত্রে বিশেষ ব্যবস্থাপনায় ব্যবহারিক ক্লাস অফলাইনে হতে পারে।
- ২। উল্লেখিত সময়ে সকল সেমিস্টার ফাইনাল পরীক্ষা (তত্ত্বায় ও ব্যবহারিক) এবং মিডটার্ম পরীক্ষা স্বশরীরে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকে(পরীক্ষার্থী, শিক্ষক, সহায়ক কর্মচারী) অবশ্যই মাস্ক ব্যবহারসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। কুইজ পরীক্ষা অফলাইন বা অনলাইনে অথবা অ্যাসাইনমেন্ট গ্রহণ করে নেওয়া যেতে পারে। তবে সকল মৌখিক পরীক্ষা অফলাইন বা অনলাইনে নেয়া যাবে।
- ৩। এম.এস/পিএইচডি এর ডিফেল্স পরীক্ষায় প্রার্থী ও অভ্যন্তরীন পরীক্ষককে স্বশরীরে উপস্থিত থাকতে হবে। তবে বহি: পরীক্ষক অনলাইনে যুক্ত থাকতে পারে।
- ৪। আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত হলসুমূহ কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ করে চালু থাকবে। প্রয়োজনে সরকারি সিদ্ধান্তের আলোকে পরবর্তীতে এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে আবাসিক এলাকা, হল, মেস এ অবস্থানকালে এবং স্বশরীরে পরীক্ষা গ্রহণের সময় সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- ৫। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম সীমিত-পরিসরে সরকারি বিধি মোতাবেক অর্ধেক সংখ্যক জনবল নিয়ে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করে চলমান থাকবে। অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ নিজ কর্মসূলে অবস্থান করবেন এবং দাঙ্গরিক কার্যক্রম ভার্যুয়ালি সম্পর্ক করবেন। এ বিষয়ে ডীন, বিভাগীয় চেয়ারম্যান, শাখা প্রধানদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো। অসুস্থ ও গর্ভধারণকারীদেরকে ক্যাম্পাসে না আসার জন্য বলা হলো।
- ৬। ক্যাম্পাসে বসবাসরত সকলকে বিনা প্রয়োজনে চলাফেরা হতে বিরত থাকতে বলা হলো। যে কোন প্রকার সভা, সমাবেশ, সামাজিক অনুষ্ঠান, পিকনিক ইত্যাদি থেকে সম্পূর্ণভাবে বিরত থাকতে বলা হলো।
- ৭। বিশ্ববিদ্যালয়ের জরুরি সেবাসমূহ (মেডিক্যাল, পানি, বিদ্যুৎ, ইন্টারনেট, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, নিরাপত্তা ইত্যাদি) যথাবৰ্তীত চালু থাকবে।

সরকারি বিধি-নিয়েধের আলোকে, বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকলকে মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মাননীয় ভাইস-চ্যাপেলের মহোদয়ের আদেশক্রমে

০৩।০২।২০২২
(পফেসর ড. মো. সাইফুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)
হাবিপ্রবি, দিনাজপুর